**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 18-07-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার পরিকাঠামো উন্নয়নে চলতি অর্থ বছরের বাজেটে ৭০০০ কোটি টাকার সংস্থান রেখেছে।**

**(২) বিদ্যুৎ মন্ত্রী রতন লাল নাথ ভোক্তাদের স্বার্থের দিকে লক্ষ্য রেখে উত্তর-পূর্বাঞ্চলীয় শক্তি কমিটির ২৯তম বৈঠকে দুটি প্রস্তাবের বিরোধিতা করেছেন।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বিহার ও পশ্চিমবঙ্গে একগুচ্ছ উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং উদ্বোধন করেছেন।**

**(৪) আগামীকাল ঐতিহ্যবাহী কের পূজা উপলক্ষ্যে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।**

*******************************************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার পরিকাঠামো উন্নয়নে চলতি অর্থ বছরের বাজেটে ৭০০০ কোটি টাকার সংস্থান রেখেছে। আজ আগরতলার প্রজ্ঞাভবনে ডোনার মন্ত্রকের সহযোগিতায় ইন্ডিয়ান বিল্ডিং কংগ্রেসের ত্রিপুরা স্টেট সেন্টার আয়োজিত উত্তর-পূর্বাঞ্চলের পরিকাঠামো উন্নয়ন শীর্ষক তিনদিনের জাতীয় আলোচনা চক্রের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী একথা বলেন। তিনি বলেন, রাজ্যে গত ৭ বছরে পরিকাঠামোর প্রভূত উন্নতি হয়েছে। পরিকাঠামো উন্নয়ন ব্যতিত কোন অঞ্চলের অগ্রগতি সম্ভব নয়। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি উত্তরপূর্বাঞ্চলের আট রাজ্যকে নিয়ে গঠিত

অস্টলক্ষ্মীর সামগ্রিক পরিকাঠামো উন্নয়নে, বিশেষত রেল, সড়ক নির্মানে গুরুত্ব দিয়েছেন।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন সংস্থার সভাপতি চিন্ময় দেবনাথ, সম্পাদক ভি আর বনসাল, প্রতিষ্ঠাতা সভাপতি ও পি গোয়েল, ত্রিপুরা সেন্টারের চেয়ারম্যান শ্যামলাল ভৌমিক প্রমুখ।

*****************************

**ARDD Minister :**

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় আজ উদয়পুরে প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের নব নির্মিত ভবনের উদ্বোধন করেন। তিনি বলেন, জনগণের আয় বৃদ্ধির উপর গুরুত্ব দিয়ে সরকার বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করেছে। রাজ্য সরকার স্বচ্ছতার উপর ভিত্তি করে নানা উন্নয়নমূলক কাজ করে যাচ্ছে। বক্তব্য রাখেন প্রাণিসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস, গোমতি জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়, বিধায়ক অভিষেক দেব রায় ও রামপদ জমাতিয়া।

****************************

**MLA-Team Visit :**

রাজ্য বিধানসভার SC, OBC, সংখ্যালঘু উন্নয়ন কমিটির সদস্যরা আজ সিপাহীজলা জেলার সোনামুড়া ও বিশালগড় মহকুমার বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন করেছেন। সংশ্লিষ্ট দপ্তরগুলির নির্মীয়মান বিভিন্ন প্রকল্প পরিদর্শন করার পাশাপাশি প্রতিনিধিরা বিভিন্ন বিদ্যালয় ও মাদ্রাসার ছাত্রাবাস পরিদর্শন করেন। প্রতিনিধি দলে ছিলেন কমিটির চেয়ারম্যান তথা বিধায়ক রঞ্জিত দাস, বিধায়ক তফাজ্জল হোসেন, অন্তরা সরকার দেব, জিতেন্দ্র মজুমদার ও সুবোধ দেববর্মা।

*****************************

**Ratan lal Nath :**

বিদ্যুৎমন্ত্রী রতন লাল নাথ ভোক্তাদের স্বার্থের দিকে লক্ষ্য রেখে আজ গুয়াহাটিতে অনুষ্ঠিত উত্তর-পূর্বাঞ্চলীয় শক্তি কমিটির ২৯তম বৈঠকে দুটি প্রস্তাবের বিরোধিতা করেছেন। উত্তর-পূর্বাঞ্চলীয় শক্তি কমিটির টেকনিক্যাল বৈঠকে ও.টি.পি.সি-র পালাটানা বিদ্যুৎ প্রকল্পে গ্যাসের দাম বাড়ানোর প্রস্তাব উত্থাপন করা হয়। বিদ্যুৎমন্ত্রী শ্রী নাথ এই প্রস্তাবের বিরোধিতা করেন। তিনি বলেন, এটি কার্যকর হলে শুধু ত্রিপুরা নয়, পুরো উত্তর-পূর্বাঞ্চলের ভোক্তাদের উপর বিশাল আর্থিক চাপ পড়বে। এই প্রস্তাবটি অযৌক্তিক ও জনস্বার্থবিরোধী। বিদ্যুৎমন্ত্রী বিরোধিতা করার ফলে উত্তর-পূর্বাঞ্চলীয় শক্তি কমিটি এই প্রস্তাবটি বাতিল করে।

সভায় সেন্ট্রাল ইলেকট্রিসিটি রেগুলেটরি কমিশন প্রতিটি রাজ্যকে অতিরিক্ত বিদ্যুৎ প্রয়োজন থাকুক কিংবা না থাকুক, তারপরেও কিনে রাখার জন্য প্রস্তাব দেয়। বিদ্যুৎমন্ত্রী শ্রী নাথ এই প্রস্তাবের বিরোধিতা করে বলেন, অতিরিক্ত বিদ্যুৎ কেনার প্রস্তাব যুক্তিহীন। তা কার্যকর হলে পরোক্ষে গ্রাহকের উপর আর্থিক চাপ বাড়াবে। শ্রী নাথ এ প্রস্তাবের বিরোধিতা করায় উত্তর-পূর্বাঞ্চলীয় শক্তি কমিটি প্রস্তাবটি স্থগিত রাখে। বৈঠকে বিদ্যুৎ মন্ত্রী ত্রিপুরার বিদ্যুৎ খাতে সাফল্য ও ভবিষ্যতের রূপরেখা বিস্তারিত উল্লেখ করেন।

******************************

**Acting chief justice :**

ত্রিপুরা হাইকোর্টের ভারপ্রাপ্ত প্রধান বিচারপতির দায়িত্ব পেলেন বিচারপতি টি অমরনাথ গৌড়। আইন ও বিচার মন্ত্রকের যুগ্ম সচিব জগন্নাথ শ্রীনিবাসন এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন, প্রধান বিচারপতি অপরেশ কুমার সিং তেলেঙ্গানা হাইকোর্টে প্রধান বিচারপতি হিসেবে বদলি হয়েছেন। বিচারপতি মামিদান্না সত্য রত্ন শ্রী রামাচন্দ্র রাও ত্রিপুরা হাইকোর্টের প্রধান বিচাপতি হিসেবে দায়িত্ব না নেওয়া পর্যন্ত বিচারপতি টি অমরনাথ গৌড় এই দায়িত্ব সামলাবেন। উল্লেখ্য, ত্রিপুরা হাইকোর্টের প্রধান বিচারপতি অপরেশ কুমার সিং তেলেঙ্গানা হাইকোর্টে প্রধান বিচারপতি হিসেবে নিযুক্ত হয়েছেন।

*****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*****************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ পশ্চিমবঙ্গের দুর্গাপুরে ৫,০০০ কোটি টাকারও বেশি মূল্যের একগুচ্ছ উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং উদ্বোধন করেন। এই উপলক্ষ্যে আয়োজিত এক সমাবেশে বক্তব্য রাখতে গিয়ে তিনি অনুপ্রবেশকারীদের বিরুদ্ধে সংবিধান অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে বলে উল্লেখ করেন।

#######Byte-PM-1#######

প্রধানমন্ত্রী তাঁর ভাষণে বাংলা ভাষা, বাংলার মনিষীদের কথা বিস্তারিত উল্লেখ করে বলেন, দেশে যেখানে বিজেপি রয়েছে, সেখানে বাংলার সম্মান রয়েছে। তিনি বলেন, দেশের যেখানেই বিজেপি সরকার রয়েছে সেখানেই দ্রুত বিকাশ হচ্ছে। এপ্রসঙ্গে তিনি ত্রিপুরার কথাও উল্লেখ করেন।

#######Byte-PM-2#######

প্রধানমন্ত্রী একইদিনে বিহারের মতিহারিতে সাত হাজার দুশো কোটি টাকারও বেশি মূল্যের একাধিক উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং বেশ কিছু প্রকল্প জাতির উদ্দেশ্যে উৎসর্গ করেছেন। প্রকল্পগুলি রেল, সড়ক, গ্রামীণ উন্নয়ন, মৎস্য, বৈদ্যুতিন এবং তথ্য প্রযুক্তি ক্ষেত্রের সঙ্গে যুক্ত। তিনি বলেন, পূর্ব ভারতের উন্নয়নের জন্য বিহারের উন্নয়ন অপরিহার্য। আজ বিহারের দ্রুত উন্নয়ন হচ্ছে, কারণ কেন্দ্র এবং রাজ্য উভয় সরকারই উন্নয়নের কাজে সক্রিয়।

**************************

**Ek Ped Maa Ke Naam :**

বিজেপি খোয়াই জেলা কমিটির উদ্যোগে "এক পেড় মা-কে নাম" এই কর্মসূচির অঙ্গ হিসেবে আজ দুপুরে খোয়াই আগরতলা জাতীয় সড়কের উভয় পাশে বৃক্ষরোপণ করা হয়। এই কর্মসূচিতে অংশগ্রহণ করেন সাংসদ রাজীব ভট্টাচার্য, মুখ্য সচেতক কল্যাণী রায়, বিধায়ক পিনাকী দাস চৌধুরী, খোয়াই জিলা পরিষদের সভানেত্রী অপর্ণা সিংহ রায়।

******************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৭শে জুলাই, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২৪তম পর্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এআইআর ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর ও তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও মন-কি-বাত সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর অনুবাদ শোনা যাবে।

**************************

**Ker Puja :**

আগামীকাল ঐতিহ্যবাহী কের পূজা। এই উপলক্ষ্যে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। শুভেচ্ছা বার্তায় মুখ্যমন্ত্রী বলেন, কের পূজা রাজ্যের জনজাতিদের চিরাচরিত সংস্কৃতি ও ঐতিহ্যের প্রতীক। রাজন্য আমল থেকেই ধর্মীয় আচার আচরণ ও প্রথা মেনে পরম্পরাগতভাবে এই পূজা অনুষ্ঠিত হয়ে আসছে, যা প্রাচীন বিশ্বাসের ধারক ও বাহক। এই পূজা একে অপরের মধ্যে সৌভ্রাতৃত্ব, সম্প্রীতি ও ঐক্যের বন্ধনকে সুদৃঢ় করে।

***************************

**Package Story-PMMSY :**

স্বর্ণশিল্পীর পেশার সঙ্গে মাছের চাষাবাদে জুড়ে যাওয়ার সজীব স্বপ্ন নিয়ে প্রায় ৭ বছরের পথ চলা। এর মধ্যে প্রধানমন্ত্রী মৎস্য সম্পদা যোজনার আওতায় বিভিন্ন সুবিধা পেয়ে বিগত দু' বছরে সত্যিই লাভের মুখ দেখছেন আড়ালিয়া সূর্যসেন পাড়ার সজীব দেবনাথ। শুরুর টানা পাঁচ বছর কঠোর পরিশ্রম করেছেন। কই, শিঙ ও মাগুরের মতো জিয়ল মাছের চাষে মৎস্য দপ্তরের সর্বাত্মক সমর্থনে দারুণ উপকৃত তিনি। একটি প্রতিবেদন।

##########VC#########

******************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস।

**************************